



# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ১৬ ফেব্রুয়ারি, ২০২০

## প্রেসবিজ্ঞপ্তি

আজ ১৬ ফেব্রুয়ারি, ২০২০ তারিখ সকাল সাড়ে ১০ টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মিনি অডিটোরিয়ামে চতুর্থ এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশন স্বর্ণপদক প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে ভাইস-চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বলেন, ছাত্র-ছাত্রীদের কৃতিত্বপূর্ণ সাফল্যে বিশ্ববিদ্যালয় পরিবার অনুপ্রানিত হয়। এ এফ মুজিবুর রহমান স্বর্ণপদক সেবা সাফল্যধারী শিক্ষার্থীরাই পেয়ে থাকে। স্বর্ণপদকপ্রাপ্ত শিক্ষার্থীরা দেশ ও জনগনের সেবায় নিজেদের নিবেদিত রাখবে এটাই প্রত্যাশ্যা।

গণিত বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মো. গোলাম আলী হায়দারের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, ছাত্র উপদেশ ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, স্কুল অব ফিজিক্যাল সায়েন্সেসের ডিন প্রফেসর ড. মো. সাজেদুল করিম এ এফ রহমান ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক টান্ডা চাকমা।

উল্লেখ্য গণিতের উপর কৃতিত্বপূর্ণ সাফল্যের জন্য এ এফ রহমান স্বর্ণপদক প্রদান করা হয়। এ বছর ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের থিসিস ক্যাটাগরিতে সাদেকুর রহমান, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের মাস্টার্স ক্যাটাগরিতে শামীমা নাসরীন এবং ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের অনার্স ক্যাটাগরিতে ফাহিমদা আফরোজ স্বর্ণপদক লাভ করে।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার